গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**লাইব্রেরিয়ান**, জেলা সরকারি গণগ্রন্থাগার,নীলফামারী

এবং

**মহাপরিচালক**, গণগ্রন্থাগার অধিদপ্তর এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)

১ জুলাই, ২০২০ – ৩০ জুন, ২০২১

## সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| উপক্রমনিকা | ৩ |
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৪,৫ |
| **সেকশন ১ :** রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি | ৬ |
| **সেকশন ২ :** বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব(Outcome/Impact) | ৭ |
| **সেকশন ৩ :** কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৮-১১ |
| **সংযোজনী ১ :** শব্দসংক্ষেপ | ১২ |
| **সংযোজনী ২ :** কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | ১৩ |
| **সংযোজনী ৩ :** কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১৪ |

**উপক্রমণিকা (Preamble)**

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, সচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, নীলফামারী

এবং

মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর এর মধ্যে

২০২০ সালের জুন মাসের............তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল ।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

## জেলা সরকারি গণগ্রন্থাগার,নীলফামারী-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of District Government Public Library, Nilphamari)

***** সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর: ২০১৭-১৮,২০১৮-১৯.২০১৯-২০ অর্থবছর) প্রধান অর্জনসমূহ :**

জ্ঞানমনস্ক আলোকিত সমাজ বিনির্মাণের লক্ষ্যে রাষ্ট্রের সামগ্রিক জনগোষ্ঠীর নিবিড় প্রত্যাশা পূরণে নিজ সক্ষমতা অনুযায়ী সর্বোচ্চ প্রয়াস নিয়োজিত করা গণগ্রন্থাগার অধিদপ্তর ও এর আওতাধীন বিভাগীয় ও জেলা সরকারি গণগ্রন্থাগারসমূহের মুখ্য কাজ। প্রধানত আলোকবর্তিকাবাহী বই পাঠে সর্বসাধারণকে অবিরাম উদ্বুদ্ধ করা এবং বিজ্ঞানভিত্তিক আধুনিক তথ্য-প্রযুক্তি সম্বলিত সুবিধাদির দ্বারা সময়-সাশ্রয়ী কার্যকর তথ্যসেবা প্রদান করা এ প্রয়াসের অন্তর্ভুক্ত। এ লক্ষ্য অর্জনে জেলা সরকারি গণগ্রন্থাগার,নীলফামারী সাম্প্রতিক বছরগুলোতে (বিগত তিন বছর) গণগ্রন্থাগার অধিদপ্তরের রাজস্ব ও উন্নয়ন খাত থেকে এবং স্থানীয়ভাবে ক্রয়ের মাধ্যমে মোট ৪,২৩৬ (চার হাজার দুইশত ছত্রিশ)টি পুস্তক সংগ্রহ করেছে এবং পাঠকদের ব্যবহারের জন্য এসব বই পাঠকক্ষে সরবরাহ করা হয়েছে। ক্রমান্বয়ে পাঠকসংখ্যা ও পাঠাভ্যাসবৃদ্ধি কার্যক্রম জোরদারকরণে উৎসাহ প্রদানের জন্য দেশব্যাপি জাতীয় দিবসভিত্তিক রচনা, বইপাঠ, ছড়া ও কবিতা আবৃত্তি,চিত্রাঙ্কন এবং হাতের সুন্দর লেখা প্রতিযোগিতাসহ ২১ টি অনুষ্ঠান আয়োজন করেছে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ীদেরকে পুরস্কার হিসেবে মহামূল্যবান বই,ক্রেস্ট,বিভিন্ন উপহার সামগ্রী এবং প্রশংসাব্যঞ্জক সনদপত্র প্রদান করা হয়েছে। এ সময়ে প্রায় ১,৭০,২০৫ জন পাঠককে পাঠকসেবা এবং প্রায় ৬,৩০২ জনকে তথ্য ও রেফারেন্স সেবা প্রদান করা হয়েছে। জেলা প্রশাসন,নীলফামারী কর্তৃক আয়োজিত উন্নয়ন মেলা,ডিজিটাল মেলা,তথ্যমেলা,বইমেলাসহ বিভিন্ন অনুষ্ঠানে সক্রিয় অংশগ্রহণ,প্রচারপত্র বিতরণ,চিঠিপত্র প্রেরণ,ওয়েবসাইট ও সোশ্যাল মিডিয়ায় প্রচারণা,বিভিন্ন জাতীয় দিবসসমূহে পুরস্কার বিতরণী অনুষ্ঠানের মাধ্যমে বিভিন্ন শ্রেণি-পেশার প্রায় ২৩,০০০ মানুষের কাছে নীলফামারী জেলা সরকারি গণগ্রন্থাগারের বিভিন্ন সেবা সম্পর্কে ব্যাপকভাবে প্রচারণা চালানো হয়েছে। গণগ্রন্থাগার অধিদপ্তর,RDRS Bangladesh,Save The Children,ব্রিটিশ কাউন্সিলের লাইব্রেরিজ আনলিমিটেড প্রজেক্ট এবং নীলফামারী জেলা প্রশাসনের মাধ্যমে অত্র গণগ্রন্থাগারের কর্মকর্তা-কর্মচারীগণ প্রায় ১,৬০০ ঘণ্টা প্রশিক্ষণ গ্রহণ করেছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ৫ ফেব্রুয়ারিকে **'জাতীয় গ্রন্থাগার দিবস'** ঘোষণা করায় ২০১৮ সাল থেকে ৫ ফেব্রুয়ারিকে **'জাতীয় গ্রন্থাগার দিবস' হিসেবে** যথাযোগ্য মর্যাদায় পালন করা হচ্ছে। এছাড়াও বিগত তিন বছরে অত্র গণগ্রন্থাগারে বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড সম্পন্ন করা হয়েছে,যেমন- গ্রন্থাগারের নিজস্ব ফেসবুক পেজ ও ওয়েবপোর্টাল খোলা, গ্রন্থাগারের মেইন গেইটে লাইটিং সাইনবোর্ড স্থাপন,পাঠকক্ষে ওজনমাপক যন্ত্র স্থাপন,গ্রন্থাগার চত্বরে একটি শেডযুক্ত সাইকেল স্ট্যান্ড তৈরী, গ্রন্থাগার চত্বরে অবস্থিত দুটি বাগানে ১৪০টি ফুলগাছ লাগানো ও বারান্দায় ফুলের টব দিয়ে সৌন্দর্য বর্ধন, পাঠকক্ষের দেয়ালে কবি, সাহিত্যিক,ভাষা শহীদ,বীরশ্রেষ্ঠ,দার্শনিক,মনীষী ও ঐতিহাসিক স্থানের ১৫০টি ছবি লাগানো,পাঠকদের জন্য ফ্রি ওয়াই-ফাই সেবা চালুকরণ,প্রায় ১২,০০০(বারো হাজার) পুস্তকের ক্ল্যাসিফিকেশন নম্বর প্রদান ও ২,০০০(দুই হাজার)পুস্তকের ক্যাটালগিং সম্পন্ন করা এবং পাঠ্যোপকরণ চুরি ও নিরাপত্তার জন্য গ্রন্থাগারে ৪টি সিসি ক্যামেরা স্থাপন। এছাড়াও দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়ন এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে বর্তমানে ই-নথিতে পত্র জারি করা হয়।

***** সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :**

সর্বসাধারণের পাঠাভ্যাস বৃদ্ধি এবং বিজ্ঞানভিত্তিক আধুনিক তথ্য-প্রযুক্তি সম্বলিত তথ্যসেবা প্রদান গণগ্রন্থাগারসূমহের প্রধানতম কাজ হওয়ায় এ কাজ সম্পাদনে আবশ্যিক পূর্বশর্ত হল পাঠকের চাহিদা মাফিক পাঠ্যোপকরণ সংগ্রহ করা এবং আধুনিক তথ্য-প্রযুক্তি সম্বলিত তথ্যসেবা প্রদানে সুবিধাদি নিশ্চিত করা। কিন্তু বাজেট বরাদ্দে অপ্রতুলতা, পুস্তক সংখ্যার সল্পতা ও বৃহত্তর পরিসরে স্থান সংকুলানে প্রতিকূলতা, জনবলের সীমাবদ্ধতা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারে স্থিতিশীল নেটওয়ার্কের অপ্রতুলতা জেলা সরকারি গণগ্রন্থাগার,নীলফামারী এর প্রধান সমস্যা। গ্রন্থাগার ভবনটি নীলফামারী কেন্দ্রীয় শহীদ মিনার সংলগ্ন। এ শহীদ মিনারে প্রতিনিয়ত বিভিন্ন সভা-সেমিনার ও রাজনৈতিক কর্মসূচি লেগেই থাকে। এসব কর্মসূচিতে আগত লোকজন গণগ্রন্থাগারের টয়লেট যেনতেনভাবে ব্যবহার করায় দুর্গন্ধ ছড়িয়ে পড়ে। এছাড়াও এসব অনুষ্ঠানে মাইক ও উচ্চশব্দের সাউন্ড সিস্টেম ব্যবহার করা হয়,ফলে পাঠকদের পড়াশুনায় মনোযোগের ব্যাঘাত ঘটে। চলমান দেশব্যাপি করোনা ভাইরাস(কোভিড-১৯) এর মহামারী পরিস্থিতির মধ্যে আশাব্যঞ্জক পাঠক ধরে রাখাই হবে অত্র গণগ্রন্থাগারের সবচেয়ে বড় চ্যালেঞ্জ।

***** ভবিষ্যৎ পরিকল্পনা :**

গণগ্রন্থাগার অধিদপ্তরের সহায়তায় জেলা সরকারি গণগ্রন্থাগার,নীলফামারীকে যথাযথ মানসম্পন্ন সেবা প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ভবিষ্যৎ পরিকল্পনায় স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি এবং দীর্ঘমেয়াদি বেশ কিছু কাযর্ক্রম গ্রহণ করা হয়েছে। স্বল্পমেয়াদি পরিকল্পনার মধ্যে প্রয়োজনীয় আসবাবপত্র সংযোজন, ইন্টারনেট সেবা সম্প্রসারণ ইত্যাদি উল্লেখ্যযোগ্য। মধ্যমেয়াদি পরিকল্পনার আওতায় গণগ্রন্থাগার অধিদপ্তর কতৃর্ক গণগ্রন্থাগার ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ, ব্রিটিশ কাউন্সিল(বিল গেটস এবং মিলিন্ডা গেটস ফাউন্ডেশন) কর্তৃক মডেল ও ডিজিটাল লাইব্রেরি গঠন,শীতাতপ নিয়ন্ত্রিত পাঠকক্ষ,মাল্টিপারপাস হলের একুইস্টিক্স ব্যবস্থার উন্নয়ন, উপজেলা পযায়ে সরকারি গণগ্রন্থাগার স্থাপন, অনলাইন লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম প্রবর্তন ইত্যাদি কার্যক্রমকে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং জেলা সরকারি গণগ্রন্থাগার এর সাংগঠনিক কলেবর বৃদ্ধিকরণ ইত্যাদি কাযক্রম দীর্ঘমেয়াদি পরিকল্পনার আওতাভুক্ত রয়েছে ।

**২০২০-২০২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ২০২০-২০২১ অর্থবছরে গণগ্রন্থাগার অধিদপ্তর হতে সরবরাহকৃত এবং স্থানীয়ভাবে ক্রয়কৃত সম্ভাব্য প্রায় ১,৪০০টি পাঠ্যোপকরণ অন্তর্ভুক্তিকরণ শেষে যথাসময়ে পাঠকদের জন্য পাঠকক্ষে সরবরাহ করা।
- গণগ্রন্থাগার অধিদপ্তর এর প্রতিশ্রুত ১০ এমবিপিএস গতির ইন্টারনেট সেবার সম্প্রসারণ করা।
  জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী তথা মুজিববর্ষ উদযাপন উপলক্ষে বিভিন্ন কার্যক্রম সম্পাদন ও জাতীয় শোকদিবসসহ অন্যান্য জাতীয় দিবস উপলক্ষে ২১ টি প্রতিযোগিতার আয়োজন সফলভাবে সম্পন্ন করা এবং আয়োজিত প্রতিযোগিতায় সর্বোচ্চ সংখ্যক বিজয়ী প্রতিযোগীকে পুরস্কার ও সনদ প্রদান করা।
- চলমান দেশব্যাপি করোনা ভাইরাস(কোভিড-১৯)এর মহামারী পরিস্থিতির মধ্যেও আশাব্যঞ্জক পাঠক ধরে রাখা।
- ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস' যথাযোগ্য মর্যাদা ও উৎসবমুখর পরিবেশে উদযাপন করা।

**সেকশন ১ :**

**জেলা সরকারি গণগ্রন্থাগার,নীলফামারী-এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং প্রধান কার্যাবলি (Functions) :**

**১.১ রূপকল্প :** জ্ঞানমনস্ক আলোকিত সমাজ বিনির্মাণ।

**১.২ অভিলক্ষ্য :** জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে নীলফামারী জেলার সমগ্র জনগোষ্ঠীকে বিজ্ঞান ও আধুনিক তথ্য-প্রযুক্তিভিত্তিক সুবিধাদি সম্বলিত সময়-সাশ্রয়ী পাঠকসেবা ও তথ্যসেবা প্রদানের মাধ্যমে জ্ঞান ও প্রজ্ঞায় বিকশিত ও সমৃদ্ধকরণ।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ :**

**১.৩.১ জেলা সরকারি গণগ্রন্থাগার, নীলফামারী-এর কৌশলগত উদ্দেশ্য:**

১. পাঠকসেবার মানোন্নয়ন।

**১.৪ কার্যাবলি (Functions) :**

১. জেলা সরকারি গণগ্রন্থাগার,নীলফামারী এর পাঠক চাহিদা মোতাবেক প্রাপ্ত পাঠ্যসামগ্রী সংগ্রহ, বিন্যাস,সংগঠন, সংরক্ষণ ও বিতরণ(Dissemination)।
২. পাঠাভ্যাসবৃদ্ধি উৎসাহিতকরণে জাতীয় দিবসসূমহে বিভিন্ন প্রতিযোগিতা যেমন: রচনা, বইপাঠ, হাতের সুন্দর লেখা, ছড়া ও কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন ইত্যাদির আয়োজন করা এবং এসব প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার ও সনদপত্র প্রদান।
৩. পাঠকদের গবেষণা ও রেফারেন্স সেবা বৃদ্ধিকরণ।
৪. তথ্যসেবা, CAS/ SDI সেবা ও পুস্তক লেনদেন সেবা বৃদ্ধিকরণ।
৫. তথ্য ও যোগাযোগ প্রযুক্তিভিত্তিক ইন্টারনেট সেবা প্রদান।
৬. নীলফামারী জেলার বেসরকারি গ্রন্থাগারসূমহ তালিকাভুক্তকরণ ও মূল্যায়ন।
৭. স্কুল পড়ুয়া ছাত্র-ছাত্রীদেরকে গ্রন্থাগারে রক্ষিত কানো কম্পিউটার ও টয়ব্রিক্স সরবরাহের মাধ্যমে তাদেরকে গ্রন্থাগারমুখী করা।

সেকশন ২

## জেলা সরকারি গণগ্রন্থাগার,নীলফামারী-এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ (Projection) | | নির্ধারিত লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র [source of Data] |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | **২০১৮-১৯** | **২০১৯-২০*** | **২০২০-২১** | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| পাঠাভ্যাস বৃদ্ধি | পাঠক উপস্থিতি | হ্রাস/বৃদ্ধির হার | ৬৬.৭০ (হাজার) | ৪৩.৫৪৬ (হাজার) (৩৪.৭১%) হ্রাস | ৪৭.১০ (হাজার) (৮.১৬%) বৃদ্ধি | ৪৭.৩৫ (হাজার) (০.৫৩%) বৃদ্ধি | ৪৭.৬৮ (হাজার) (০.৬৯%) বৃদ্ধি | প্রযোজ্য নয় | পাঠক উপস্থিতি রেজিস্টার ও রেফারেন্স রেজিস্টার |
| | অনুষ্ঠানে অংশগ্রহণকারী | হ্রাস/বৃদ্ধির হার | ০.৭০ (হাজার) | ০.৩৭৮ (হাজার) (৪৬%)হ্রাস | ০.৫০ (হাজার) (৩২.২৭ %)বৃদ্ধি | ০.৫২৫ (হাজার) (৫%)বৃদ্ধি | ০.৫৫ (হাজার) (৪.৭৬%)বৃদ্ধি | প্রযোজ্য নয় | অংশগ্রহণকারীর উপস্থিতি তালিকা |

*সাময়িক (provisional) তথ্য।

## সেকশন - ২

### কৌশলগত উদ্দেশ্য,অগ্রাধিকার,কার্যক্রম,কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য Strategic objectives | কৌশলগত উদ্দেশ্যের মান Weight of strategic objectives | কার্যক্রম Activities | কর্মসম্পাদন সূচক Performance Indicators | গণনা পদ্ধতি Calculation Method | একক Unit | কর্মসম্পাদন সূচকের মান Weight of performance Indicators | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা নির্ণায়ক ২০২০-২১ Target/Criteria Value for FY 2020-21 | | | | | প্রক্ষেপণ Projection ২০২১-২০২২ | প্রক্ষেপণ Projection ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮- ১৯ | ২০১৯-২০* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| জেলা সরকারি গণগ্রন্থাগার,নীলফামারী-এর কৌশলগত উদ্দেশ্যসমূহ: | | | | | | | | | | | | | | | |
| [১] পাঠকসেবার মানোন্নয়ন | ৭৫ | [১.১] পাঠকসেবা | [১.১.১]পাঠক উপস্থিতি | সমষ্টি | জন (হাজার) | ১৫ | ৬৫.০০ | ৪১.৮৪৫ | ৪৫.০০ | ৪০.৫০ | ৩৬.০০ | ৩১.৫ | ২৭.০০ | ৪৫.২০ | ৪৫.৫০ |
| | | [১.২] গবেষণা ও রেফারেন্স সেবা | [১.২.১] পাঠক উপস্থিতি | সমষ্টি | জন (হাজার) | ১০ | ১.৭০ | ১.৭০১ | ২.১০ | ১.৮৯ | ১.৬৮ | ১.৪৭ | ১.২৬ | ২.১৫ | ২.১৮ |
| | | [১.৩] প্রতিযোগিতা/ অনুষ্ঠানের সংখ্যা | [১.৩.১] অনুষ্ঠান | সমষ্টি | সংখ্যা (টি) | ১০ | ৭ | ৪ | ৭ | ৬ | ৫ | ৪ | ৩ | ৭ | ৭ |
| | | [১.৪] প্রতিযোগিতা /অনুষ্ঠান | [১.৪.১] অংশগ্রহণকারী | সমষ্টি | জন (হাজার) | ১০ | ০.৭০ | ০.৩৭৮ | ০.৫০ | ০.৪৫ | ০.৪০ | ০.৩৫ | ০.৩০ | ০.৫২৫ | ০.৫৫ |
| | | [১.৫] পাঠক চাহিদা মোতাবেক পাঠ্যসামগ্রী সংগ্রহ | [১.৫.১]পুস্তক সংগ্রহ | সমষ্টি | সংখ্যা (হাজার) | ১০ | ১.৪৫১ | ১.৫০৩ | ১.৪০ | ১.২৬ | ১.১২ | ০.৯৮ | ০.৮৪ | ১.৪২৫ | ১.৪৫ |
| | | | [১.৫.২]বিধি মোতাবেক পুস্তক সজ্জিতকরণ | সমষ্টি | সংখ্যা (হাজার) | ১০ | ৪.০০ | ৫.০০ | ৬.০০ | ৫.৫০ | ৫.০০ | ৪.০০ | ৩.৭০ | ৬.৫০ | ৭.০০ |
| | | [১.৬] জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন | [১.৬.১] দিবস উদযাপন | তারিখ | তারিখ | ১০ | ৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ৫ ফেব্রুয়ারি, ২০২০ | ৫ ফেব্রুয়ারি, ২০২১ | - | - | - | - | ৫ফেব্রুয়ারি, ২০২২ | ৫ফেব্রুয়ারি, ২০২৩ |

# জেলা সরকারি গণগ্রন্থাগার,নীলফামারী-এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ২০২০-২১ (প্রস্তাবিত)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সুচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০২০-২১ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১১ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন। | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | [২.২] উদ্ভাবনী/ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন | [২.২.১] ন্যূনতম একটি উদ্ভাবনী/ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ চালুকৃত | সংখ্যা | ২ | ১৫-২-২১ | ১৫-৩-২১- | ১৫-৪-২১ | ১৫-৫-২১ | - |
| | | [২.৩] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ২ | ৪০ | ৩০ | ২০ | ১০ | - |
| | | | [২.৩.২] ১০ম গ্রেড ও তদূর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | - | - | - |
| | | [২.৪] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৪.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |

## জেলা সরকারি গণগ্রন্থাগার,নীলফামারী-এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ২০২০-২১ (প্রস্তাবিত)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০২০-২১ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১]অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | [৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা অধিদপ্তরে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা অধিদপ্তরে প্রেরিত | তারিখ | ১ | ১৫-১২-২০ | ১৫-০১-২১ | ১৫-২-২১ | - | - |

আমি,

মো: সাইফুল ইসলাম, লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, নীলফামারী, গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি,

মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার,নীলফামারী এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব ।

স্বাক্ষরিত:

(মো: সাইফুল ইসলাম)
লাইব্রেরিয়ান
জেলা সরকারি গণগ্রন্থাগার
নীলফামারী

তারিখ: ২৪।০৫।২০২০

মহাপরিচালক
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।

তারিখ: ০২।০৬।২০২০ খ্রি:

**সংযোজনী-১**

শব্দসংক্ষেপ(Acronyms)

APA - Annual Performance Agreement.
RDRS-Rangpur Dinajpur Rural Service
CAS/ SDI - Current Awareness Service/Selective Dissemination of Information.
FY-Fiscal Year

# সংযোজনী-২

কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতির বিবরণ

| ক্র. নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী কার্যালয় | পরিমাপ পদ্ধতি | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|
| ১ | **পাঠকসেবা প্রদান** | পাঠক উপস্থিতি | জেলা সরকারি গণগ্রন্থাগার,নীলফামারী এর মাধ্যমে পাঠকসেবা সম্পাদন । | জেলা সরকারি গণগ্রন্থাগার, নীলফামারী । | বাস্তব গণনা | পাঠকহাজিরা রেজিস্টার । |
| ২ | **রেফারেন্স সেবা প্রদান** | পাঠক উপস্থিতি | জেলা সরকারি গণগ্রন্থাগার, নীলফামারী এর মাধ্যমে রেফারেন্স সেবা সম্পাদন । | জেলা সরকারি গণগ্রন্থাগার, নীলফামারী । | বাস্তব গণনা | রেফারেন্স সেবা রেজিস্টার। |
| ৩ | **প্রতিযোগিতা/অনুষ্ঠান আয়োজন** | অনুষ্ঠান/অংশগ্রহণকারীর সংখ্যা | জেলা পর্যায়ে জাতীয় দিবসসমূহ উদযাপন উপলক্ষে অনুষ্ঠানাদি সম্পন্নকরণ,পুরস্কার বিতরণ ও সনদ প্রদান | জেলা সরকারি গণগ্রন্থাগার, নীলফামারী। | বাস্তব গণনা | বিজ্ঞপ্তি এবং উপস্থিতি তালিকা |
| ৪ | **পাঠক চাহিদা মোতাবেক পাঠ্যসামগ্রী সংগ্রহ** | সংগৃহীত পুস্তক সংখ্যা এবং বিধি মোতাবেক পুস্তক সজ্জিতকরণ | গণগ্রন্থাগার অধিদপ্তর ও স্থানীয়ভাবে ক্রয়ের মাধ্যমে সংগ্রহ এবং বিধি মোতাবেক পুস্তক সজ্জিতকরণ | গণগ্রন্থাগার অধিদপ্তর ও জেলা সরকারি গণগ্রন্থাগার, নীলফামারী। | বাস্তব গণনা | গণগ্রন্থাগার অধিদপ্তর থেকে প্রাপ্ত ও স্থানীয়ভাবে ক্রয় |
| ৫ | **জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন** | দিবস উদযাপন | গ্রন্থাগার পেশাজীবী ও সরকারি/বেসরকারি বিভিন্ন সংস্থার অংশগ্রহণে বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভা। | জেলা সরকারি গণগ্রন্থাগার, নীলফামারী | - | সরকারি প্রজ্ঞাপন |

## সংযোজনী-৩

### কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|
| গণপূর্ত বিভাগ,নীলফামারী | পাঠক উপস্থিতি | গ্রন্থাগার ভবনের ভিতরের এবং বাইরের দেয়ালের রং নষ্ট হয়েছে এবং ফ্যানগুলো অকেজো হয়ে গেছে। গ্রন্থাগারের রক্ষণাবেক্ষণ অতীব প্রয়োজন। | ২০১৫ সালে গণপূর্ত বিভাগ কর্তৃক প্রথম গ্রন্থাগার ভবন রং করা হয়। বর্তমানে গ্রন্থাগার ভবন মেরামত করা জরুরি হয়ে পড়েছে। | গ্রন্থাগারের সৌন্দয নষ্ট হচ্ছে। পাঠক গরমকালে মনোযোগ দিয়ে পড়াশুনা করতে পারছে না। ফলে দিন দিন পাঠক সংখ্যা কমে যাচ্ছে। |
| পুলিশ সুপারের কার্যালয়,নীলফামারী | দিবস উদযাপন | বিভিন্ন দিবস উদযাপনে ও গ্রন্থাগার খোলাকালীন আইনশৃঙ্খলা রক্ষা ও জননিরাপত্তা নিশ্চিতকরণ। | বিভিন্ন দিবসের আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে এবং গ্রন্থাগারের সেবা চলাকালে উপস্থিত সকলের নিরাপত্তা নিশ্চিতকরণ। | নিরাপত্তা বিঘ্নিত হলে পাঠক সংখ্যা হ্রাস পাবে এবং সমাজে আলোকিত মানুষের সংখ্যা কমে যাবে। |